

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
তারাকান্দা, ময়মনসিংহ।

মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।  
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিসকক্ষ।  
সভার তারিখ : ১৫/০১/২০২২ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা ও মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিবকে তারাকান্দা উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>ক. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাকান্দাসভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে ডিসেম্বর/২১ মাসে এ উপজেলার ০২টি ইউনিয়নে মোট ২৩২টি গবাদিপ্রাণিকে সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়েছে। পোল্ট্রি খামারিদের মাঝে হাঁস-মুরগির রানীক্ষেত এবং ডাকপ্লাগ রোগের মোট ১১,০০০ মাত্রা টিকা বিতরণ করা হয়েছে এবং ১২১৫টি গবাদি প্রাণির চিকিৎসাসহ ১৭,৮০০টি হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে। সম্প্রতি দুটি ক্যাম্প হয়েছে। এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে মোট ৮৫৩ টি গাভী এবং বকনা গরুর কৃত্রিম প্রজনন করা হয়েছে। কৃত্রিম প্রজনন ও টিকা বিজ বিক্রয় করে সরকারি রাজস্ব জমা হয়েছে ১৯,৯৫৯/- টাকা।</p> <p>তিনি আরও জানান যে, হাঁস, মুরগি, ছাগল, ভেড়া, গরু, মহিষ এর যে কোন সমস্যার জন্য ১৬৩৫৮ এই নম্বরে ফোন অথবা মেসেজ পাঠিয়ে আপনারা বিভিন্ন সমস্যার সমাধান পেতে পারেন। এই নম্বরটি টোল ফ্রি। উপজেলা মৎস্য অফিসার, তারাকান্দা সভায় জানান যে, মৎস্য খামার পরিদর্শন, চাষীদের পরামর্শ, প্রশিক্ষণ, হ্যাচারি ও খাদ্যের দোকান নিবন্ধন ও নবায়ন করা হচ্ছে। এছাড়াও তিনি আরও জানান যে, বর্তমান সময়ে মাছের ক্ষত রোগ হতে পারে বিধায় ক্ষতরোগ হওয়ার পূর্বে ঔষধ ব্যবহার জন্য তিনি পরামর্শ প্রদান করেন এবং মৎস্য চাষে পোলট্রি লিডার ব্যবহার না করার জন্য অনুরোধ জানান এবং পাশাপাশি পিনার হা এবং আফ্রিকান মাগুর মাছ যাতে কেউ চাষ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ</p>	<p>হাঁস/মুরগীর এভিয়েন ইনফ্লুয়েঞ্জা /বার্ডফ্লুতে আক্রান্ত না হয় সে দিকে খেয়াল রেখে টিকা প্রদান কর্মসূচি গ্রহণসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ নিশ্চিত এবং আগত সেবা প্রার্থীকে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করতে হবে।</p> <p>১. গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।</p> <p>২. মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নজরুল ইসলাম নয়ন)

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, তারাকান্দা।  
তারিখঃ ১৫/০১/২০২২ খ্রিঃ

স্মারক নং- উপ.মৎস্য.অ/তা.ম/উপজেলা কমিটি/২০২২-

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।

উপজেলা মৎস্য অফিসার  
তারাকান্দা, ময়মনসিংহ।